দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 JUL 2012
পৃষ্ঠা ২৪ কলাম ৫

কোচিং বাণিজ্য বন্ধে মনিটরিং কমিটির প্রথম বৈঠক আজ

■ ইত্তেফাক রিপোর্ট

কোচিং বাণিজ্য বন্ধে শিক্ষা মন্ত্রণালয় গঠিত মনিটরিং কমিটির প্রথম বৈঠক আজ বিকাল ৩টায় ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। নীতিমালা গঠনের এক মাসের মধ্যেই কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। নীতিমালা অনুযায়ী সভাপতিসহ ৯ জন সদস্য নিয়ে এ কমিটি গঠন করা হয়েছে।

যারা কমিটিতে আছেন: মনিটরিং কমিটির সভাপতি হচ্ছেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) সৌরেন্দ্র নাথ চক্রবর্তী। এছাড়া সদস্য হিসাবে রয়েছেন অতিরিক্ত জেলা প্রশাসক মাসুদ করিম, সরকারি কবি নজরুল কলেজের পৃষ্ঠা ২ কলাম ১

কোচিং বাণিজ্য

২৪ পৃষ্ঠার পর

অধ্যক্ষ অধ্যাপক শফিকুর রহমান, তেজগাঁও কলেজের অধ্যক্ষ, মোহাম্মদপুরস্থ কাদেরিয়া তৈয়বিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ হাফিজুল ইসলাম, করাতিতোলা সিএমএম মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং অভিভাবক প্রতিনিধি হিসাবে রয়েছেন সেলিম খান। কমিটির সচিব হলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক (ঢাকা) এ কে এম মোস্তফা কামাল।

এ কে এম মোস্তফা কামাল জানান, প্রথম বৈঠকে নীতিমালা কীভাবে বাস্তবায়ন করা যায় সে বিষয়ে কর্মপরিকল্পনা করা হবে।

কমিটি গঠন নিয়ে অভিভাবক ফোরামের সভাপতি জিয়াউদ্দ কবির দুলু ইত্তেফাককে বলেন, ৯ সদস্যের মনিটরিং কমিটিতে ৬ জন শিক্ষক, ২ জন আমলা এবং মাত্র ১ জন অভিভাবক প্রতিনিধি রয়েছে। তিনি জানান, কমিটিতে শিক্ষক সংখ্যা বেশি হওয়ায় কোচিং বাণিজ্য বন্ধে মনিটরিং বিষয়গুলো যথাযথ কার্যকর হওয়ার সম্ভাবনা কম। কমিটিতে সরকারি কলেজের অধ্যক্ষ রাখা হয়েছে। কিন্তু সরকারি কলেজের অভিভাবক রাখা হয়নি। তিনি জানান, যে সব ক্যাটাগরি বিবেচনায় শিক্ষক রাখা হয়েছে, একই ক্যাটাগরিতে অভিভাবক প্রতিনিধি রাখা দরকার। সে হিসাবে তিনি কমিটিতে আরো ৪ জন অভিভাবক প্রতিনিধি রাখা যৌক্তিক বলে মনে করেন।